**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 27-08-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Assembly Session:

রাজ্য ত্রয়োদশ বিধানসভার তিনদিনব্যাপী দশম অধিবেশন আজ সকাল ১১টা থেকে শুরু হবে। তা চলবে ৩১শে আগস্ট পর্যন্ত। অধিবেশনে প্রশ্নোত্তর পর্ব সহ জনস্বার্থ সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে|

**************************

## Nepal flash floods- CONDOLENCES :

মধ্য নেপালে ভয়াবহ আকস্মিক বন্যায় গতকাল পাওয়া খবরে জানা গেছে, সেদেশে ১৬০ জন নিহত এবং ১৩৩ জন ভারতীয় নাগরিকসহ ৭৫০ জনেরও বেশি মানুষ নিখোঁজ রয়েছেন। তিব্বত থেকে প্রবাহিত প্রবল জলের স্রোতের ফলে এই বন্যায় নেপালের বেশ কয়েকটি শহর ও গ্রাম বিধ্বস্ত হয়েছে, গুরুত্বপূর্ণ সেতু ভাসিয়ে নিয়ে গেছে এবং এক ডজন জলবিদ্যুৎ প্রকল্পকে অচল করে দিয়েছে। নেপালের পররাষ্ট্রমন্ত্রী শিশির খানাল জানিয়েছেন, তিব্বতে ভূকম্পনের ফলে হিমবাহ ফেটে গিয়ে এই বন্যার সূত্রপাত হয়েছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর, এই সংকটের সময় ভারতের জনগণ নেপালের পাশে রয়েছে বলে আশ্বস্ত করেছেন। পৃথক শোক বার্তায় তাঁরা নিহতদের পরিবারের প্রতি সমবেদনা এবং বন্যায় ক্ষতিগ্রস্ত সকলের প্রতি সহমর্মিতা প্রকাশ করেছেন।

এদিকে, বিধ্বংসী বন্যায় ক্ষতিগ্রস্ত নেপালকে সহায়তা করতে ভারত ১০ টন মানবিক সহায়তা ও দুর্যোগ মোকাবিলা সামগ্রী এবং প্রয়োজনীয় ওষুধ পাঠিয়েছে।

**************************

**Khelo India Dialogue:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'খেলো ইন্ডিয়া ডায়ালগ'-এ বক্তব্য রাখবেন। 'জাতীয় ক্রীড়া দিবস ২০২৬' উদযাপনের অঙ্গ হিসেবে ‘মেরা যুব ভারত’-এর আয়োজন করেছে। দেশের প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতিটি জেলার দুটি করে স্কুল-কলেজে তরুণদের অংশগ্রহণে এই কর্মসূচি অনুষ্ঠিত হবে। এই কর্মসূচিতে খেলাধুলা, যুব নেতৃত্ব, নাগরিক দায়িত্ববোধ, স্বেচ্ছাসেবী কার্যক্রম, শারীরিক সুস্থতা এবং জাতি গঠনের বিষয়গুলোকে এক মঞ্চে নিয়ে আসবে।

এই কর্মসূচিতে মূলত চারটি গুরুত্বপূর্ণ বিষয়কে সামনে রাখা হয়েছে। প্রথমত, দেশের ক্রীড়া পরিকাঠামো উন্নয়ন এবং তৃণমূল স্তরে ক্রীড়া সুবিধা। দ্বিতীয়ত, ২০৩৬ সালের অলিম্পিকের লক্ষ্যে বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রতিভা অন্বেষণ ও ক্রীড়াবিদদের প্রশিক্ষণ দেওয়া। তৃতীয়ত, যুব নেতৃত্বকে শক্তিশালী করা এবং প্রশাসনিক ব্যবস্থায় তরুণদের অংশগ্রহণ বাড়ানো। চতুর্থত, ভবিষ্যৎমুখী দক্ষতা অর্জন, স্বেচ্ছাসেবা এবং দেশ গঠনের কাজে যুবসমাজকে আরও সক্রিয়ভাবে যুক্ত করা।

মূল অনুষ্ঠানের পর অংশগ্রহণকারী, 'মেরা যুব ভারত'-এর স্বেচ্ছাসেবক, স্থানীয় ক্রীড়াবিদ এবং জনপ্রতিনিধিদের মধ্যে স্থানীয় পর্যায়ে মতবিনিময় ও আলোচনার আয়োজন করা হবে। এই আলোচনায় আগ্রহী তরুণদের সাথে

ভারতের শীর্ষস্থানীয় ক্রীড়াবিদ ও পদকজয়ীদের সরাসরি মতবিনিময়ের সুযোগ থাকবে।

**************************

**PM- B’DAY PROGRAMME :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে ১৭ সেপ্টেম্বর থেকে ১৮ অক্টোবর পর্যন্ত একমাস ব্যাপী নানা কর্মসূচি রূপায়ণ করা হবে। বিভিন্ন সামাজিক পদক্ষেপে প্রধানমন্ত্রীর জনমুখী প্রকল্প সম্পর্কে মানুষকে অবহিত করা হবে। গতকাল আগরতলায় ভারতীয় জনতা পার্টির প্রদেশ কমিটির বৈঠকের পর তিনি এ খবর জানান। মুখ্যমন্ত্রী বলেন, জনসাধারণকে সঙ্গে নিয়ে সেবা পক্ষকাল কার্যক্রম সফল করা হবে। এবছর বৃক্ষরোপণ, সাফাই অভিযান সহ বিভিন্ন ক্ষেত্রে প্রায় ২৫টার মতো কার্যক্রম রাখা হয়েছে। জনমুখী প্রকল্পের সুফল কীভাবে মানুষের কাছে পৌঁছে দেওয়া যায় সেটাই গৃহিত কর্মসূচির লক্ষ্য বলে উল্লেখ করেন মুখ্যমন্ত্রী।

**************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে আগস্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’–এর ১৩৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’ এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum –এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

ফোন এবং মেসেজ পাঠানো যাবে আগামীকাল ২৮শে আগষ্ট রাত ১১টা ৪৫ পর্যন্ত|

**************************

**SPANDAN-Sports:**

উদয়পুরের বাগমা বিএসএফ ক্যাম্পাসে গতকাল থেকে চার দিনের 'স্পন্দন-স্পোর্টস ফর পিস অ্যান্ড ডেভেলপমেন্ট' ভলিবল টুর্নামেন্ট শুরু হয়েছে। ১৬৯ নম্বর বিএসএফ ব্যাটেলিয়ন, কেন্দ্রীয় ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রক এবং স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার যৌথ উদ্যোগে আয়োজিত এই টুর্নামেন্টের সূচনা করেন বিএসএফ এর ডি.আই.জি গজরত যাদব। টুর্নামেন্টে রাজ্যের আট জেলা থেকে আটটি দল অংশ নিয়েছে।

**************************

**Football :**

বৈকুণ্ঠ নাথ স্মৃতি মহিলা ফুটবলের সুপার লিগের দ্বিতীয় খেলায় মহিলা পুলিশ রিক্রিয়েশন ক্লাব ২-১ গোলের ব্যবধানে ফুলো ঝানু অ্যাথলেটিক ক্লাবকে পরাজিত করে। গতকাল সন্ধ্যায় উমাকান্ত স্টেডিয়ামে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত খেলায় ত্রিপুরা পুলিশ রিক্রিয়েশন ক্লাবের হয়ে এলিসা জমাতিয়া এবং আইতরমা দেববর্মা গোল দুটি করেন। ফুলো ঝানুর পক্ষে কুন্তি উরাং একমাত্র গোল করেন।

**************************

**Oriental Football Tournament:**

বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে ওরিয়েন্টাল ক্লাব আয়োজিত ওরিয়েন্টাল ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে গতকাল সাব্রুমের বিন্দাস বয়েজ ক্লাব চ্যাম্পিয়ানের শিরোপা লাভ করেছে। বিজয়ী দলকে প্রাইজমানি ২ লাখ টাকা এবং রানার্স

দলকে দেড় লাখ টাকা প্রাইজমানি প্রদান করা হয়। আসরে মোট ২৫ টি দল অংশ নেয়।

**************************

**Weather :**

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আগামী ২৪ ঘন্টায়  রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিলো ২৭ ডিগ্রি সেলসিয়াস।

**************************

**************************